

## 💵 সহীহ হাদীসের আলোকে সাওম বিশ্বকোষ

বিভাগ/অধ্যায়ঃ সপ্তম অধ্যায়: সংক্ষেপে পবিত্র রমযান মাসে আমাদের করণীয় রচয়িতা/সঙ্কলকঃ ইসলামহাউজ.কম

২০. ইসলামী রাষ্ট্রের ভালোবাসায় অনুপ্রাণিত হওয়া:

রমযান মাস হলো আল্লাহ তা'আলার সাহায্যের মাস। এ মাসে আল্লাহ তা'আলা মুসলিমদেরকে যুগে যুগে শক্রর মোকাবেলায় বিজয় দান করেছেন। ইসলামের ইতিহাসে ঐতিহাসিক বদরের যুদ্ধে সতেরই রমযান মদীনা রাষ্ট্রের স্বাধীনতা টিকিয়ে রাখতে ইসলামের বিজয় কল্পে মক্কার কাফিরদের বিরুদ্ধে রাসূলুল্লাহ্ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ও মুসলিমগণ ঐতিহাসিক বিজয় লাভ করেন। আল্লাহ বলেছেন,

﴿ وَلَقَدا نَصَرَكُمُ ٱللَّهُ بِبَدار وَأَنتُما أَذِلَّه اللَّهُ لَعَلَّكُم اللَّهُ لَعَلَّكُم اللَّهُ لِعَلَّكُم اللَّهُ لِعَلَّكُم اللَّهُ لِعَلَّكُم اللَّهُ لِعَلَّكُم اللَّهُ لِعَلَّكُم اللَّهُ اللَّهُ لَعَلَّكُم اللَّهُ الللَّهُ اللَّهُ الللَّهُ اللَّهُ الللَّهُ اللَّهُ اللَّهُ اللَّهُ اللَّهُ اللَّهُ الللَّالَا اللَّهُ اللَّهُ اللَّاللَّا اللَّهُ الللَّهُ اللَّهُ الللَّهُ اللَّهُ اللَّهُ اللَّهُ اللَّهُ اللَّهُ اللَّهُ الللّ

"আর অবশ্যই আল্লাহ তোমাদেরকে বদরে সাহায্য করেছেন অথচ তোমরা ছিলে হীনবল। অতএব, তোমরা আল্লাহকে ভয় কর, আশা করা যায়, তোমরা শোকরগুজার হবে। স্মরণ কর, যখন তুমি মুমিনদেরকে বলছিলে, 'তোমাদের জন্য কি যথেষ্ট নয় যে, তোমাদের রব তোমাদেরকে তিন হাজার নাযিলকৃত ফিরিশতা দ্বারা সাহায্য করবেন'? হ্যাঁ, যদি তোমরা ধৈর্য ধর এবং তাকওয়া অবলম্বন কর, আর তারা হঠাৎ তোমাদের মুখোমুখি এসে যায়, তবে তোমাদের রব পাঁচ হাজার চি□□হ্নিত ফিরিশতা দ্বারা তোমাদেরকে সাহায্য করবেন"। [সূরা আলে ইমরান, আযাত: ১২৩-১২৫]

তাই প্রতি বছর রমযান আমাদেরকে দেশপ্রেম শিক্ষা দেয়। বহিরাগত শত্রুর মোকাবেলায় প্রিয় মাতৃভূমিকে টিকে রাখার দৃঢ় সংকল্প আমরা রমযান মাসে গ্রহণ করবো।

Source — https://www.hadithbd.com/books/link/?id=10999

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন